



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট

ছাপিত: ১৯৬৮

মোবাইল : ০১৭১২-০৭২৯৪২

ফোন : ০৫৯২৫-৫৬২৩১

জাতীয়করণ : ১৯৮৬ ওয়েবসাইট : www.gjkagc.gov.bd

ই-মেইল : patgramgovt.college@gmail.com

gjkagcollege@gmail.com

স্মারক নং

এইচএসসি পরীক্ষা ২০২১ এর ফরমপূরণ বিজ্ঞপ্তি

তারিখ: ১২/০৮/২০২১ খ্রি.

এ কলেজের এইচএসসি পরীক্ষা ২০২১ এর সকল পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে ঘরে বসে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরমপূরণ ও পরীক্ষার ফি সম্পূর্ণরূপে অনলাইনে প্রদান করতে হবে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর অধীনে ২০২১ সালে অনুষ্ঠিতব্য উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার Online এ ফরমপূরণ, প্রয়োজনীয় ফি প্রদান করার নিয়মাবলি ও তারিখ নিম্নে উল্লেখ করা হলো :

ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদনফরম পূরণ করতে পারবে।

খ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরমপূরণ করতে হবে। ফরমপূরণ ব্যতিত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।

গ) পরীক্ষার্থী বা তার অভিভাবক এ বছর সোনালী ব্যাংকের মোবাইল অ্যাপ সোনালী ই-সেবা (Sonali eSheba) এর মাধ্যমে ঘরে বসেই বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনা পরিশোধ করবে এবং পরীক্ষার ফি পরিশোধের মাধ্যম হিসেবে Nagad, bKash, Rocket, Upay ও Sonali eWallet ইত্যাদি ব্যবহার করা যাবে।

পরীক্ষার্থীরা কলেজে যে মোবাইল নাম্বারটি প্রদান করেছে সে নাম্বারে SMS পাওয়ার পর পরীক্ষার ফি জমা দেওয়ার

তারিখ ১৬/০৮/২০২১ থেকে ২৬/০৮/২০২১ পর্যন্ত

বি. দ্র. : আগামী ১৯/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে যদি কোন পরীক্ষার্থী সংশ্লিষ্ট মোবাইল নাম্বারে পরীক্ষার ফি সংক্রান্ত SMS না পায় তাহলে জরুরী ভিত্তিতে নিম্নে উল্লেখিত মোবাইল নাম্বারে যোগাযোগ করতে পারবে।

পরীক্ষার ফি পরিশোধের জন্য পরীক্ষার্থীদের করণীয় : পরীক্ষার্থীরা কলেজে যে মোবাইল নাম্বারটি প্রদান করেছেন সে মোবাইল নাম্বারে SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নাম্বার, এসএসসি'র (SSC) রোল ও পরীক্ষার ফি সংক্রান্ত সর্বমোট ফি জানতে পারবে প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরমপূরণের ফি জমা দিতে পারবে।

পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি :

নিচের যেকোন একটি পদ্ধতি ব্যবহার করে পরীক্ষার ফি পরিশোধ করতে পারবে।

ক) পরীক্ষার্থী, SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

খ) সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

গ) এছাড়া শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকে ও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay ও Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, DBBL Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

ফরমপূরণ নিশ্চিত হয়েছে কিনা কিভাবে জানা যাবে?

পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরমপূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরমপূরণের Status যে কোন সময় দেখতে পাবে।

বি. দ্র. : - নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

ফরমপূরণ সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:

- ০১। জনাব এমরান আহম্মেদ
প্রভাষক ও বিভাগীয় প্রধান, উদ্ভিদবিদ্যা বিভাগ
- ০২। জনাব মো. তহিজার রহমান
প্রভাষক ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ
- ০৩। জনাব মো. আতিকুর রহমান
প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

আহ্বায়ক মোবাইল : ০১৭৬৭৪৮৬৭৭৬

সদস্য মোবাইল : ০১৭১৯৫৪৯৮৩৯

সদস্য মোবাইল : ০১৭৩৮২৩৬০০৬

(মো. হাবিবুর রহমান ০১৭১২৬)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ
পাটগ্রাম, লালমনিরহাট
সেফোন : ০১৭১২-০৭২৯৪২